

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৭৩৩  
বিশালগড়, ৮ জুলাই, ২০২৪

**বিশালগড় মহকুমা ভিত্তিক ড. শ্যামাপ্রসাদ মুখার্জীর জন্মজয়ন্তী**

বিশালগড় মহকুমায় গত ৬ জুলাই মহকুমা ভিত্তিক ড. শ্যামাপ্রসাদ মুখার্জীর জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে এক শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশালগড়ের শুভদ্বীপ হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক ড. শ্যামাপ্রসাদ মুখার্জীর জীবনের বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি আধিকারিক কাকলি ভৌমিক। শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ সংগীত ও নৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*